গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নং- ৩৩.০২.০০০০.০০০.৯৬৬.৯৯.০০০১.২৫.৫৬৪

তারিখ: ১০ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৬ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়) এর আওতায় বাস্তবায়িত মৎস্যচাষ প্রদর্শনী খামার এবং গৃহস্থলি কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশীয় প্রজাতির ছোট মাছচাষ প্রদর্শনী বাস্তবায়নের ক্ষেত্রে অনুসরনীয় নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)' এর আওতায় মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন খাতে নিম্নলিখিত চারটি প্রযুক্তি প্যাকেজ যথা- ১) কার্প/পাঙ্গাশ/তেলাপিয়া মিশ্র প্রদর্শনী ২) পাবদা/গুলসা/টেংরা মাছের প্রদর্শনী ৩) কৈ/শিং/দেশি মাগুর মাছের প্রদর্শনী এবং ৪) ছোট চিংড়ি/মলা/মেনি/দেশি শোল/কার্প/বিলুপ্ত প্রায় প্রজাতি/অন্যান্য মাছের প্রদর্শনী খামার স্থাপনের সংস্থান রয়েছে। এছাড়াও প্রতিটি ইউনিয়নে ০১ (এক) টি করে গৃহস্থলি কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশীয় প্রজাতির ছোট মাছচাষ প্রদর্শনী স্থাপনের সংস্থান রয়েছে এবং তদানুযায়ী বরাদ্দ প্রদান করা হয়েছে। এই প্রদর্শনী সমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কতিপয় নির্দেশনা অনুসরণের জন্য প্রকল্প পরিচালকের কার্যালয় হতে বিগত ১৫.০৩.২০২৬ তারিখের ৩৩.০২.০০০০.০০০.৯৬৬.৯৯.০০০১.২৫.১১৩ সংখ্যক স্মারকে মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হলেও প্রকল্প দপ্তর এবং মহাপরিচালক মহোদয়ের অফিস আদেশ মোতাবেক গঠিত মনিটরিং টিম কর্তৃক প্রকল্পের কার্যক্রম মনিটরিং এর সময় নিম্নবর্ণিত ব্যত্যয়সমূহ পরিলক্ষিত হচ্ছে:

১. মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন খাতে চারটি প্রযুক্তি প্যাকেজ এর উল্লেখ থাকলেও কোনো কোনো ক্ষেত্রে তা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না।

২. কতিপয় প্রদর্শনীতে দৃশ্যমান স্থানে সঠিকভাবে সাইনবোর্ড স্থাপন করা হয়নি; এছাড়াও কয়েকটি প্রদর্শনীতে অতি সরু বাঁশের খুঁটি দ্বারা সাইনবোর্ড স্থাপন করা হয়েছে যা সমীচীন নয়।

৩. মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন এবং গৃহস্থলি কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশীয় প্রজাতির ছোট মাছচাষ প্রদর্শনীর আয়তন নির্ধারণের ক্ষেত্রে বাস্তবায়ন নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৪. উভয় প্রকার প্রদর্শনীর ক্ষেত্রে বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ১৫ অনুসরণের নির্দেশনা থাকলেও কতিপয় উপজেলায় তদানুযায়ী যথাযথ তথ্য সংযোজনপূর্বক রেকর্ড বুক সংরক্ষণ করা হয়নি।

৫. আধুনিক মৎস্যচাষ প্রযুক্তি জনগণের কাছে দৃশ্যমান করা এবং অন্যান্য মৎস্যচাষি ও জনগণকে আধুনিক প্রযুক্তি গ্রহণে উৎসাহিত করার বিষয়ে গুরুত্বারোপ করতে হবে।

৬. সংযোগ চাষিদের নিয়মিত ফলোআপ করতে হবে এবং আধুনিক মৎস্যচাষ প্রযুক্তি গ্রহণে উদ্বুদ্ধকরণের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

৭. প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে ভিত্তি বছরের (২০২২-২৩ অর্থবছর) তুলনায় মাছের উৎপাদন ১৫% বৃদ্ধিসহ প্রকল্পের সামগ্রিক লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট হতে হবে।

এমতাবস্থায়, উভয় প্রকার প্রদর্শনী বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকাসহ প্রকল্প পরিচালক কর্তৃক সময়ে সময়ে প্রেরিত পত্রসমূহের নির্দেশনা পুঙ্খানুপুঙ্খভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(মোঃ আবুল কালাম আজাদ)
প্রকল্প পরিচালক (অ.দা.)
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
ইমেইলঃ pdunion3p@fisheries.gov.bd

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা
(তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

নং- ৩৩.০২.০০০০.০০০.৯৬৬.৯৯.০০০১.২৫.৫৬৪

তারিখ: ১০ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৬ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. পরিচালক, মৎস্য অধিদপ্তর, সকল বিভাগ।
৩. জেলা মৎস্য কর্মকর্তা, সকল (তিন পার্বত্য জেলা ব্যতীত)।
৪. সিনিয়র সহকারী পরিচালক (সম্প্রসারণ ও প্রশিক্ষণ), পরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সকল বিভাগ।
৫. সংশ্লিষ্ট নথি (সংরক্ষণের জন্য)।

প্রকল্প পরিচালক (অ.দা.)
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
ইমেইলঃ pdunion3p@fisheries.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নং- ৩৩.০২.০০০০.০০০.৯৬৬.৯৯.০০০১.২৫. ১১৩

তারিখ: ১লা চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ।

বিষয়: প্রদর্শনী খামার এবং গৃহস্থলী পুকুরে প্রদর্শনী বাস্তবায়নের ক্ষেত্রে অনুসরনীয় নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়) এর আওতায় মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন খাতে নিম্নলিখিত চারটি প্রযুক্তি প্যাকেজ যথা- ১) কার্প/পাঙ্গাশ/তেলাপিয়া মিশ্র প্রদর্শনী ২) পাবদা/গুলসা/টেংরা মাছের প্রদর্শনী ৩) কৈ/শিং/দেশি মাগুর মাছের প্রদর্শনী এবং ৪) ছোট চিংড়ি/মলা/মেনি/দেশি শোল/কার্প/বিলুপ্ত প্রায় প্রজাতি/অন্যান্য মাছের প্রদর্শনী খামার স্থাপন করতে হবে। এছাড়াও প্রতিটি ইউনিয়নে ০১ (এক) টি করে গৃহস্থলী কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ প্রদর্শনী করতে হবে। এই প্রদর্শনী সমূহ বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ

১) মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন খাতে একটি উপজেলায় বরাদ্দকৃত চারটি প্যাকেজের প্রতিটিই বাস্তবায়ন করতে হবে।
২) ভিন্ন ভিন্ন ইউনিয়নে প্রদর্শনী খামার বাস্তবায়ন করতে হবে; একই ইউনিয়ন একাধিক প্রদর্শনী বাস্তবায়ন করা যাবে না।
৩) ইউনিয়ন নির্বাচনের ক্ষেত্রে মাছ চাষে অনগ্রসর এলাকাকে অগ্রাধিকার দিতে হবে।
৪) গৃহস্থলী কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ প্রদর্শনী ক্ষেত্রেও ভিন্ন ভিন্ন ইউনিয়নে প্রদর্শনী খামার বাস্তবায়ন করতে হবে; একই ইউনিয়ন একাধিক প্রদর্শনী বাস্তবায়ন করা যাবে না।
৫) গৃহস্থলী কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ প্রদর্শনী বাস্তবায়নের ক্ষেত্রে কমপক্ষে ৪০% নারীদের সুফলভোগী হিসেবে সম্পৃক্ত করতে হবে।
৬) উভয় প্রকার প্রদর্শনীর ক্ষেত্রে বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ১৫ অনুযায়ী বেজলাইন সার্ভে সম্পন্ন করতে হবে।
৭) উভয় প্রকার প্রদর্শনীর ক্ষেত্রে চুক্তিনামা সম্পাদন করতে হবে।
৮) সকল ধরণের প্রদর্শনী স্থাপনের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা পুঙ্খানুপুঙ্খভাবে অনুসরণ করতে হবে।

(মোঃ আবুল কালাম আজাদ)
প্রকল্প পরিচালক (অ.দা.)
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
ইমেইলঃ pdunion3p@fisheries.gov.bd

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)

নং- ৩৩.০২.০০০০.০০০.৯৬৬.৯৯.০০০১.২৫. ১১৩

তারিখ: ১লা চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২) পরিচালক, মৎস্য অধিদপ্তর, সকল।
৩) জেলা মৎস্য কর্মকর্তা, সকল (তিন পার্বত্য জেলা ব্যতীত);
৪) সিনিয়র সহকারী পরিচালক (সম্প্রসারণ ও প্রশিক্ষণ) পরিচালকের দপ্তর, সকল বিভাগ।
৫) সংশ্লিষ্ট নথি।

প্রকল্প পরিচালক (অ.দা.)
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।